

যায়যায়দিন

তারিখ: ১৬ JUL 2007 ...
পৃষ্ঠা: ২৮ কলাম ৭

২৭ নিয়ম

প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে ১.৮ মিলিয়ন ডলারের কর্মসূচি

যাযাি রিপোর্ট

সবার জন্য শিক্ষা, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যনামা ও সরকারের দায়িত্ব বিমোচন কৌশলপত্রের আলোকে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের ওপর গুরুত্ব প্রদান করে ১.৮ মিলিয়ন ডলার ব্যয়ে কর্মসূচি গ্রহণ করা হয়েছে। যৌথ ও সমন্বিত অর্থায়নের

মাধ্যমে এ প্রকল্প বাংলাদেশের শিক্ষা খাতে প্রথমবারের মতো গৃহীত একটি উপখাতভিত্তিক কর্মসূচি। গৃহীত কর্মসূচি রাস্তাবায়নের ৬৩ ডাগ ব্যয় বাংলাদেশ সরকার বহন করছে। বাকি ৩৭ ডাগ ব্যয় বহন করবে পৃষ্ঠা ১১৫ ক ৭ ১১টি উন্নয়ন সহযোগী

প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে

(শেষ পৃষ্ঠার পর)

প্রতিষ্ঠান। ২০০৩-০৪ অর্থ বছর থেকে আনুষ্ঠানিকভাবে এ কর্মসূচির সূচনা হলেও কর্মসূচির প্রকৃত বাস্তবায়ন কাছ শুরু হয় ২০০৪ সালের ডিসেম্বর থেকে।

প্রায় আড়াই বছর এ কর্মসূচির বিভিন্ন কক্ষের অগ্রগতি ও অর্জন এবং ভবিষ্যৎ চ্যালেঞ্জ সম্পর্কে বিভিন্ন পেশার মানুষের সঙ্গে মতবিনিময় করতে এ ওয়ার্কশপের আয়োজন করা হচ্ছে।

দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির অগ্রগতি ও অর্জন বিষয়ক এক রিডিউ-ওয়ার্কশপ আগামী ১৬ জুলাই অনুষ্ঠিত

হবে। প্রাথমিক শিক্ষা অধিদফতরে আয়োজিত এ ওয়ার্কশপে প্রধান অতিথি থাকবেন শিক্ষা উপদেষ্টা আইয়ুব কাদরী ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের কাশি ডিরেক্টর মিস হুয়া দু।

এ ওয়ার্কশপ থেকে প্রাপ্ত সুপারিশমালা আগামী অক্টোবরে অনুষ্ঠিতব্য দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির মিড টার্ম রিডিউ সফল করতে দিক নির্দেশনা দেবে বলে কর্তৃপক্ষ আশা প্রকাশ করেন। এ মিড টার্ম রিডিউর মাধ্যমে দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির ভবিষ্যৎ কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হবে।